# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 04-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) রাজ্যে সাম্প্রতিক বন্যায় ২৯ টি জেলার ১৬ লক্ষেরও বেশি লোক ক্ষতিগ্রস্ত। সরকারের উদ্ধার ও সহায়তা অভিযান অব্যাহত।
২) রাজ্যপাল গুলাবচান্দ কাটারিয়া, মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ও মন্ত্রী, সাংসদ - বিধায়কদের বন্যা ক্ষতিগ্রস্ত অঞ্চল পরিদর্শন।

৩) বরাক উপত্যকার বন্যা পরিস্থিতি আরো জটিল।

এবং

৪) উচ্চাকাঙ্খী জেলা ও উন্নয়ন খন্ড সমূহের দ্রুত তথা সর্বাত্ম, উন্নয়নের লক্ষ্যে রাজ্যের বেশ কয়েকটি জেলায় আজ থেকে সম্পূর্ণতা অভিযান আরম্ভ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের সাম্প্রতিক বন্যায় ২৯ টি জেলার ১৬ লক্ষেরও বেশী লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন । গত ২৪ ঘন্টায় ৮ জনের লোকের বন্যায় মৃত্যু হোয়ার ফলে সাম্প্রতিক বন্যায় মৃত্যু হোয়া লোকের সংখ্যা ৪৬ এ বৃদ্ধি পেয়েছে ।অন্যদিকে তিনজন লোক সন্ধানহীন রয়েছেন ।আসাম দূযোগ ব্যবস্থাপনা কতৃপক্ষের সূত্র অনুযায়ী দুহাজার ৮০০ টি গ্রাম বন্যার কবলে পড়া সহ প্রায়

৪০ হাজার হেক্টর কৃষি জমি বন্যার জলে প্লাবিত হয়েছে ।এবারের বন্যায় করিমগঞ্জ , নগাও ও দরং জেলার সর্বাধিক লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন ।
করিমগঞ্জ জেলার ৩২০ টি গ্রাম বন্যার জলে প্লাবিত হয়েছে। বদরপুর কান্দিগ্রামে বাঁধ ভাঙনের ফলে সমগ্র অঞ্চল জলমগ্ন হয়ে পড়েছে।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ইতিমধ্যে জেলা আয়ুক্তদের সংগে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে মত বিনিময় করে উদ্ধার ও সাহায্য অভিযান ত্বরান্বিত করে তুলতে নির্দেশ দিয়েছেন ।মুখ্যমন্ত্রী আজ গৌহাটী মহানগরের পান্ডুর বন্যার কবলে পড়া অঞ্চলগুলিতে উপস্থিত হয়ে পরিস্থিতির খোজ নেন । মুখ্যমন্ত্রী বলেন যে ব্রক্ষ্মপুত্র নদের স্রতে পান্ডুর বিভিন্ন অঞ্চল প্লাবিত করেছে ।জনসাধারণ এই সমস্যার সমাধানের জন্য একটি স্লুইস গেট চেয়েছেন বলে উল্লেখ করে একথা বিবেচনা করা হবে বলে মুখ্যমন্ত্রী আশ্বাস প্রদান করেন ।পরে সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় মুখ্যমন্ত্রী বলেনযে এই অঞ্চলগুলির বন্যা সমস্যা সমাধানের জন্য যথোচিত পদক্ষেপ গ্রহণ করা হবে । তিনি বলেন যে শ্লুইসগেট সহ বন্যার কারণগুলি সমাধান করার জন্য জলসম্পদ বিভাগ ও গৌহাটী মহানগর উন্নয়ন কতৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে ।

আসাম কংগ্রেসের সভাপতি ভূপেন বরা আজ গোলাঘাট জেলার বন্যায় ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলিতে গিয়ে পরিস্থিতির খোজ নেন ।তিনি বোকাখাত , দেরগাও , মহুরামুখ ও বংকুয়ালের বন্যায় ক্ষতিগ্রস্ত অঞ্চল পরিদর্শন করা সহ ক্ষতিগ্রস্ত লোকেদের সংগে মত বিনিময় করেন ।রাজ্যপাল গোলাব চান্দ কাটারিয়া আজ মরিগাও জেলার বন্যা ক্ষতিগ্রস্ত অঞ্চল পরিদর্শন করা সহ জনসাধারণের সংগে মত বিনিময় করেন ।

এদিকে মুখ্যমন্ত্রীর নির্দেশে মন্ত্রীরা সবগুলি বন্যাপ্লাবিত জেলায় গিয়ে বন্যাপিড়ীত লোকেদের পরিস্থিতির খোঁজ নেওয়া সহ ত্রাণ সামগ্রী বিতরণ সহ অন্যান্য বিষয়ে খোঁজ নিচ্ছেন ।

---------------------------------------------------------------------------

এদিকে গত কয়েকদিনের ধারাবাহিক বৃষ্টিপাতের ফলে বরাক উপত্যকার প্রায় সবগুলির নদীতে জলস্ফীতি দেখা দিয়েছে । তৃতীয়বারের এই বন্যায় সবচেয়ে ক্ষতিগ্রস্ত করিমগঞ্জ জেলার বিভিন্ন অঞ্চল পুনরায় বন্যার জলে

প্লাবিত হয়ে পড়ছে ।এদিকে জেলার অধিকাংশ বিদ্যালয়ে বন্যার জল ঢুকে পড়ায় শিক্ষার্থীদের সুরক্ষা সুনিশ্চিত করার উদ্দেশ্যে জেলা আয়ুক্ত আজ থেকে সব সরকারী ও বেসরকারী বিদ্যালয় বন্ধের নির্দেশ দিয়েছেন ।অবশ্য বিদ্যালয়গুলি পূর্ব নির্ধারিত সময়সূচী অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত করতে পারবে

হাইলাকান্দি জেলার বন্যা পরিস্থিতি অধিক জটিল হয়ে পড়েছে । জেলাটির বিভিন্ন স্থানে বাধে ফাটল দেখা দেওয়ায় আবাসিক স্থানে বন্যার জল ঢুকতে শুরু করেছে। জেলাটির প্রধান তিন নদী ধলেশ্বরী , বরাক ও কাটাখাল নদীর জলস্তর বিপদসীমার ওপরে প্রবাহিত হচ্ছে ।আলগাপুর রাজস্ব চক্রের অর্ন্তগত মোহমপুর অঞ্চলে কাটাখাল নদীর বাধে ফাটল দেখা দেওয়ায় বেশ কয়েকটি গ্রাম প্লাবিত হয়েছে । এদিকে মোহনপুর - শিলচর পূর্তসড়ক জলমগ্ন হয়ে পড়েছে ।মোহনপুর অঞ্চলে নদীর জল তীব্র বেগে প্রবেশ করার ফলে উত্তর হাইলাকান্দির ২০ টি রাজস্ব গ্রাম বন্যার কবলে পড়েছে । জেলাটির পাচটি রাজস্ব চক্রের ১২৫ টি গ্রাম বন্যার কবলে পড়েছে ।

কাছাড় জেলার বহু অঞ্চল ও এবারের বন্যার জলে প্লাবিত হচ্চে । বন্যাক্রান্তরা ইতিমধ্যে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে আশ্রয় নিচ্ছেন । এদিকে কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন আশ্রয় শিবিরে বন্যাক্রান্তদের মধ্যে ত্রান সামগ্রী বিতরন করা সহ প্রয়োজনীয় সুবিধা প্রদানের পদক্ষেপ নেওয়া হয়েছে ।অন্যদিকে আজ ঝড়ো হাওয়া সহ ভারী বৃষ্টির ফলে শিলচর শহরের বিশেষ করে নীচু এলাকাগুলি কালীবাড়ীচড় অন্নপূর্নাঘাট সংলগ্ন এলাকাবাড়ীগুলিতে জল ঢুকে পড়েছে । শহরাঞ্চলের কিছু এলাকা যেমন অম্বিকাপট্টি শিলংপট্টি , সোনাই রোড ইত্যাদি এলাকায় কৃত্রিম বন্যার সৃষ্টি হয়েছে ।

---

কেন্দ্রীয় জল আয়োগ সূত্রে আকাশবাণীকে জানানো হয়েছে যে আজ সন্ধ্যা ছটায় করিমগঞ্জে কুশিয়ারা নদী বিপদসীমার এক মিটার ৩২ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । এখানে জল স্থিতাবস্থায় রয়েছে । হাইলাকান্দি জেলার মাটিজুড়ীতে কাটাখাল নদী বিপদসীমার দুই মিটার ৮ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে। এখানে জল ঘন্টায় চার সেন্টিমিটার করে কমছে । জেলার

ঘাড়মূরায় ধলেশ্বের নদী বিপদসীমার চার মিটার ৯৪ সেন্টিমিটার নীচে প্রবাহিত হচ্ছে এবং এখানে জল ঘন্টায় ১৫ সেন্টিমিটার করে কমছে ।

এদিকে রাজ্যের জল সম্পদ বিভাগ থেকে জানানো হয়েছে যে শিলচর অন্নপূর্নঘাটে সন্ধ্যা সাতটায় বরাক নদী বিপদসীমার এক মিটার ২৩ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । এখানে জল সন্ধ্যা ছটা থেকে স্থিতাবস্থায় রয়েছে ।

---------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক ডক্টর সুপ্রবীর দত্তরায় এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে বিশ্ববিদ্যালয়ের অধীন পাঁচটি জেলার কলেজগুলি বন্যার কবলে পড়েছে এবং বন্যার জন্য যোগাযোগ ব্যবস্থাও বিছিন্ন হয়ে রয়েছে । তাই বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজগুলির আগামীকাল ও আগামী ৬ই জুলাই-র পরীক্ষা পিছিয়ে দেওয়া হয়েছে । পরীক্ষাগুলির পরবর্তী তারিখ ও সময় পরে জানানো হবে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে ।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ স্বামী বিবেকানন্দের মৃত্যু তিথি উপলক্ষ্যে তাঁকে গভীর শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে এক পোস্টে শ্রী মোদী বলেন যে স্বামী বিবেকানন্দের শিক্ষাসমূহ লক্ষ লক্ষ জনসাধারণকে সাহস প্রদান করে আসছে । তিনি বলেন যে স্বামী বিবেকানন্দের গভীর জ্ঞান ও জ্ঞান আহরণের প্রতি থাকা নিরন্তর প্রয়াস প্রেরণাদায়ক । প্রধানমন্ত্রী মোদী সমৃদ্ধশালী ও উন্নত সমাজ গড়ার প্রতি স্বামী বিবেকানন্দের দেখা স্বপ্ন বাস্তবায়িত করার জন্য কেন্দ্রীয় সরকারের দায়বদ্ধতার কথা উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন যে ভারতীয় সেনা অগ্নিবীর সবার কল্যাণের জন্য প্রতিশ্রুতিবদ্ধ । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী সিং অগ্নিবীর অজয় কুমারকে প্রদান করা বেতন তথা অন্যান্য সুযোগ সুবিধাগুলির বিষয়ে ভারতীয় সেনা বাহিনীর স্পষ্টীকরণ সম্পর্কে জানান । ভারতীয় সেনা বলেছে যে কর্তব্যরত অবস্থায় প্রাণ হারানো অগ্নিবীর অজয় কুমারের নিকটাত্মীয়কে কোনো ধরণের ক্ষতিপূরণ দেওয়া হয়নি বলে কিছু বার্তা সামাজিক মাধ্যমে দেখা গেছে

। সেনা বাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে যে ভারতীয় সেনা অগ্নিবীর অজয় কুমারের ত্যাগকে সম্মান জানিয়েছে এবং তাঁর শেষকৃত্য সম্পূর্ণ সৈনিক মর্যাদায় সম্পন্ন করা হয়েছে । সেইসঙ্গ অগ্নিবীর অজয়ের পরিবারকে প্রদেয় ১ কোটি ৬৫ লক্ষ টাকার মধ্যে ৯৮ লক্ষ ৩৯ হাজার টাকা ইতিমধ্যে দেওয়া হয়েছে বলে সেনা বাহিনী জানিয়েছে । অগ্নিবীর সহ শহীদ হওয়া সব সৈনিকের নিকটাত্মীয়ের প্রাপ্য ক্ষতিপূরণ প্রদানের ক্ষেত্রে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলেও বাহিনী জানিয়েছে ।

---

উচ্চাকাঙ্খী জেলা ও উন্নয়ন খন্ডগুলির দ্রুত তথা সর্বাত্মক উন্নয়নের লক্ষে রাজ্যের বেশ কয়েকটি জেলায় আজ থেকে সম্পূর্নতা অভিযান রুপায়ন শুরু হয়েছে ।হাইলাকান্দি , বাক্সা , ধুবরী , দরং , বরপেটা , গোয়ালপাড়া , ওদালগুড়ি এই ৭ টি জেলা তথা ২০ টি উন্নয়নখন্ড এলাকাকে এই অভিযানে অর্ন্তভূক্ত করা হয়েছে ।

উল্লেখ্য এপর্যন্ত উন্নয়নের সুফল না পাওয়া দেশের বিভিন্ন প্রান্তের অঞ্চলকে অর্ন্তভূক্ত করে কেন্দ্রীয় সরকার এই অঞ্চলগুলির দ্রুত উন্নয়নের লক্ষে সম্পূর্নতা অভিযান আরম্ভ করেছে ।নীতি আয়োগের আরম্ভ করা এই অভিযান ৩০ শে সেপ্টেম্বর পর্যন্ত চলবে । এই অভিযানের মাধ্যমে উচ্চাকাঙ্খী জেলা কার্যসূচী ও উচ্চাকাঙ্খা খন্ড কার্যসূচীর অধীনে ১১২ টি উচ্চাকাঙ্খী জেলা ও ৫০০ টি উচ্চাকাঙ্খী খন্ডের উন্নয়নের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ।সম্পূর্ন অভিযানের কার্যসুচী স্বাস্থ্য ও পরিপুষ্টি , শিক্ষা , কৃষি ও জলসম্পদ ,অর্থ , দক্ষতা বিকাশ পরিকাঠামোকে অর্ন্তভূক্ত করার বিপরীতে উচ্চাকাঙ্খী খন্ড কার্যসূচী স্বাস্থ্য ও পরিপুষ্টি , শিক্ষা , কৃষি ও কৃষি সর্ম্পকীত অন্যান্য সেবা , প্রাথমিক স্তরের পরিকাঠামো তথা সামাজিক উন্নয়নকে অর্ন্তভূক্ত করা হয়েছে । এই অভিযানের অধীনে জেলা ও উন্নয়নখন্ডগুলিতে মূলত প্রথম তিনমাসে পঞ্জীয়নভুক্ত প্রসূতির সংখ্যা , সুসংহত শিশু বিকাশ সেবার অধীনে প্রসূতির পরিপূরক খাদ্য সরবরাহ , শিশুর সম্পূর্ন রোগ প্রতিরোধ ক্ষমতার বৃদ্ধির হার , সরকারের ২০১৫ তে কৃষকের জন্য আরম্ভ করা সোয়েল হেলথ কার্ডের মাধমে মাটির নমুনা সংগ্রহের হার , প্রতিটি খন্ডে মধুমেহো উচ্চ রক্তচাপজনিত

রোগীদের শনাক্তকরণের হার ও একটি করে উন্নয়ন খন্ডে থাকা আত্মনির্ভরশীল গোষ্ঠীর বিপরীতে অর্থ লাভ করে থাকা গোষ্ঠীর হার , বিদ্যুৎ সরবরাহ থাকা মাধ্যমিক পর্যায় বিদ্যালয়ের হার তথা পাঠ্যক্রম আরম্ভ হোয়ার একমাসের মধ্যে পাঠ্যবই বিতরণের হার বৃদ্ধি করার লক্ষ্য গ্রহণ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ সুস্মিতা দেব গতকাল নতুন দিল্লীতে কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মন্ত্রী নীতিন গাডকাড়ি সঙ্গে দেখা করে বরাক উপত্যকা সহ দেশের বাকি অংশের সাথে সংযোগ করার জন্য বিকল্প সড়ক নির্মানের দাবী জানিয়েছেন । এছাড়াও সাংসদ শ্রীমতি দেব শিলচর-সৌরাষ্ট্র মহাসড়কের বালাছড়া থেকে হারেঙ্গাজাও পর্য্যন্ত ৩১ কিলোমিটার সড়কের কাজ দ্রুত শেষ করা এবং হারেঙ্গাজাও- তুরুক সড়কটি বিকল্প সড়ক হিসেবে নির্মান করার দাবী জানিয়েছেন ।

--------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা পরিবহন কার্যালয় মদ্যপান করে গাড়ী চালানোর বিরুদ্ধে কঠোর ব্যাবস্থা গ্রহণ করেছে । এরফলে গত জুন মাসে ১৭টি ড্রাইভিং লাইসেন্স বাতিল করা হয়েছে । গাড়ি চালানোর সময় মোবাইল ফোনের ব্যাবহার এবং হেলমেট ছাড়া গাড়ি চালানো এড়ানোর জন্য এধরণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । আজ জারি করা এক বিবৃতিতে জানানো হয়েছে যে পরিবহন বিভাগ গাড়ি চালানোর সময় মোবাইল ফোন ব্যাবহার করা এবং হেলমেট না পড়া ব্যাক্তিদের লাইসেন্স স্থগিত রেখেছে । কাছাড়ের ডি টি ও রমেশ শ্যাম জানিয়েছেন যে এই অভিযানের লক্ষ্য মদ্যপানকারী চালকদের কারণে সড়ক দূর্ঘটনা হ্রাস করা । তিনি জানান যে গত জানুয়ারী থেকে জুন মাস পর্যন্ত বেশকয়েকটি ড্রাইভিং লাইসেন্স বাতিল করা হয়েছে । তিনি আরো জানান যে গাড়ি চালানোর সময় মোবাইল ফোন ব্যাবহার করা ,হেলমেট এবং সিটবেল্ট পরিধানের নিয়ম মেনে না চলার জন্য তাদের অতিরিক্তভাবে লাইসেন্স স্থগিত করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

করিমগঞ্জ আই টি আই-এর অধীক্ষক এক বিজ্ঞপ্তিতে করিমগঞ্জ আই টি আই-এর ডাক ঠিকানা বা পোস্টেল এড্রেস জানিয়ে দিয়েছেন । এতে বলা হয়েছে যে করিমগঞ্জ শিল্প প্রশিক্ষন প্রতিষ্ঠান বা  আই টি আই  গত পয়লা জুলাই থেকে রামকৃষ্ণ নগরে নিজস্ব স্থায়ী প্রাঙ্গনে চালু করা হয়েছে । এই শিল্প প্রশিক্ষন প্রতিষ্ঠানের ঠিকানা সুপারিনটেন্ডেন্ট , ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট (আই টি আই) , করিমগঞ্জ , পোষ্ট অফিস-রামকৃষ্ণনগর , জেলা -করিমগঞ্জ ,আসাম ,৭৮৮১৬৬ বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দির মহকুমা কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জেলার চা বাগান , আদিবাসী সম্প্রদায়ের পড়ুয়াদের প্রি-মেট্রিক , পোষ্ট মেট্রিক স্কলারশিপের জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করেছেন ।  প্রি মেট্রিক ও পোষ্ট মেট্রিক স্কলারশিপের জন্য নির্ধারিত পোর্টালে আগামী ১৫ই অগাষ্টের মধ্যে আবেদন করতে হবে । বিশদ বিবরন হাইলাকান্দির মহকুমা কল্যান আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------